BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K.N.C Road, Barasat, Kol-124"

লক্ষ্য বিশ্বমানব্যম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 5th Semester Examination, 2022-23

## BNGACOR11T-BENGALI (CC11)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

### বিভাগ-ক

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের (অনধিক ৩০০ শব্দে) উত্তর দাওঃ ১০×৪=৪০

**একক - ১**

(ক) 'এই প্রথম ঐতিহাসিক উপন্যাস লিখিলাম' — বঙ্কিমচন্দ্রের এই বক্তব্যের পরিপ্রেক্ষিতে 'রাজসিংহ' উপন্যাসটিকে সার্থক ঐতিহাসিক উপন্যাস বলা যায় কিনা তা আলোচনা করো। ১০

**অথবা**

(খ) 'রাজসিংহ' উপন্যাসের সমাপ্তি মুহূর্তে অসমাপ্তির ভাব-ব্যঞ্জনা নিয়ে উপস্থিত হয়েছে জেবউন্নিসা। চরিত্রটি বিশ্লেষণ করে 'রাজসিংহ' উপন্যাস সম্পর্কে এই মন্তব্যের যাথার্থ্য নিরূপণ করো। ১০

**একক - ২**

(গ) 'পথের দাবী' উপন্যাসে সমকালীন ভারতবর্ষের রাজনীতি একটি গুরুত্বপূর্ণ স্থান অধিকার করে আছে। — এই মন্তব্য কতদূর সংগত আলোচনা করো। ১০

**অথবা**

(ঘ) 'পথের দাবী' উপন্যাসে অপূর্ব চরিত্রটি কোন্ প্রেক্ষিতে তাৎপর্যবহ হয়ে উঠেছে, তা নির্দেশ করো। ১০

**একক - ৩**

(ঙ) 'গণদেবতা' উপন্যাসে 'গণদেবতা' কে ? নামকরণের সার্থকতা বিচার করে বিষয়টি স্পষ্ট করো। ১০

**অথবা**

(চ) তারাশঙ্করের 'গণদেবতা'-য় দুর্গার ভূমিকা ও তার চরিত্র বর্ণনা করো। ১০

**একক - ৪**

(ছ) 'পদ্মানদীর মাঝি' বাংলা উপন্যাস জগতে এক অভিনব ধারার সূচনা করেছিল। উপন্যাসটির পটভূমি, কাহিনি ও চরিত্রসৃষ্টি বিশ্লেষণ করে এই অভিনবত্বের স্বরূপ প্রকাশ করো। ১০

**অথবা**

(জ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের কেন্দ্রে রয়েছে কুবের চরিত্রের গোষ্ঠীস্বভাব থেকে ব্যক্তিস্বভাবে নিষ্ক্রমণ তথা মুক্তি। — আলোচনা করো। ১০

BARASAT GOVT COLLEGE
LIBRARY
10 K.N.C. Road, Barasat, Kol-124

## বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি অনধিক ১৫০ শব্দে) ৫×২=১০

(ক) "যাহাকে আমার বিবাহ করিতে ইচ্ছা করে, তাহার চিত্র ত
তুমি পা দিয়া ভাঙ্গিয়া ফেলিয়াছ।"
— কে, কাকে, কেন একথা বলেছে? ১+১+৩

(খ) 'কবি, তুমি প্রাণ খুলে শুধু সামাজিক বিপ্লবের গান শুরু করে দাও।'
— কবি কে? প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতাংশটির নিহিত ব্যঞ্জনা পরিস্ফুট করো। ১+২+২

(গ) "কানা হবেন — কানা হবেন — অন্ধ হবেন; হাতে কুষ্ঠ হবে — সর্বস্ব যাবে — ভিক্ষে করে খাবেন।"
— বক্তা কে? প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ১+২+২

(ঘ) "আমি একা ফির়্যা আইলাম গো মামা, সবকটারে গাঙের জলে ভাসাইয়া দিয়া আমি একা ফিরা়্যা আইলাম।"
— 'আমি' কে? 'মামা'র নাম কি? বক্তার এরূপ মন্তব্যের কারণ নির্দেশ করো। ১+১+৩

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K.N.C Road, Barasat, Kol-124"

বাংলা বিশ্ববিদ্যালয়

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 5th Semester Examination, 2022-23

## BNGACOR12T-BENGALI (CC12)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নেরমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০

**একক -১**

(ক) 'মেঘ ও রৌদ্র' গল্পটিতে পরাধীন উপনিবেশের বেদনার পাশাপাশি জীবনের মেঘ ও রৌদ্র-এর অনবদ্য চিত্রায়ণ স্থান পেয়েছে। — আলোচনা করো। ১০

**অথবা**

(খ) 'স্ত্রীর পত্র' গল্প অবলম্বনে মৃণালের প্রতিবাদী চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

**একক - ২**

(গ) সমাজ-চিহ্নিত বারবনিতার মানবিক আকাঙ্ক্ষার কাহিনি সুবোধ ঘোষের 'বারবধূ' — আলোচনা করো। ১০

**অথবা**

(ঘ) সুবোধ ঘোষের 'ফসিল' গল্পের বিষয়বস্তুর সঙ্গে এর নামকরণ কতদূর সঙ্গতিপূর্ণ — গল্পটি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও। ১০

**একক -৩**

(ঙ) "সমস্ত ব্যাপারটা দিনের আলোর মতো তখন ১০
ক্ষেত্রমোহনের নিকট পরিষ্কার হইয়া গেল।"
— 'রসময়ীর রসিকতা' গল্পটি অবলম্বনে 'সমস্ত ব্যাপারটা' ব্যাখ্যা করো।

**অথবা**

(চ) 'কিন্নরদল' গল্পের সর্বাপেক্ষা সজীব চরিত্র প্রিয় মুখুজ্যের অবিবাহিত কন্যা শান্তি — চরিত্রটি বিশ্লেষণ করে মন্তব্যটির যথার্থতা নির্দেশ করো। ১০

**একক - ৪**

(ছ) অতীন বন্দ্যোপাধ্যায়ের 'কাল-ভুজঙ্গ' গল্পটি সমাজ ও সময়ের কথা বলে — মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

**অথবা**

(জ) বিমল করের 'জননী' গল্পে সময়-স্মৃতি-কালচেতনা কীভাবে প্রতিফলিত হয়েছে আলোচনা করো। ১০

CBCS/B.A./Hons./3rd Sem./BNGACOR05T/2022-23

একক - ৪

BARASAT GOVT COLLEGE LIBRARY

(চ) নিম্নলিখিত যে-কোনো **দুটি** উদ্ধৃতির ছন্দোলিপি প্রণয়ন করোঃ ৫×২ = ১০

CBCS/B.A./Hons./5th Sem./BNGACOR12T/2022-23

২। নিম্নলিখিত যে-কোনো **দুটি** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি অনধিক ১৫০ শব্দে) ৫×২= ১০

(ক) চন্দরা কহিল, 'মরণ!' ৫

— উদ্ধৃতাংশটির নিহিত ব্যঞ্জনা পরিস্ফুট করো।

(খ) 'বিমলের একগুঁয়েমি যেমন অব্যয়, তেমনি অক্ষয় তার ঐ ট্যাক্সিটার পরমায়ু।' ৫

— উদ্ধৃতাংশটির তাৎপর্য বুঝিয়ে লেখো।

(গ) 'এত আজগুবি গল্প তুমি কোথায় পাও বল দেখি ?' ১+৪

— আজগুবি গল্পটি কে বলেছে ? গল্পটি সংক্ষেপে লেখো।

(ঘ) 'আমার ঠিক পেছনেই সাদা দেয়াল। আমি জানি।' ৫

— উদ্ধৃতাংশটির তাৎপর্য বুঝিয়ে দাও।

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K.N.C Road, Barasat, Kol-124"

লক্ষ্যে বিশ্বমানব

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 5th Semester Examination, 2022-23

## BNGADSE01T-BENGALI (DSE1/2)

### মধ্যযুগের সাহিত্য পাঠ

Time Allotted: 2 Hours

Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

### বিভাগ-ক

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে) ১০×৪ = ৪০

#### একক - ১

(ক) 'কৃত্তিবাস অনূদিত রামায়ণ কাব্যের কাহিনি গ্রন্থন ও চরিত্রচিত্রণে বাঙালির আঞ্চলিক সত্তার প্রভাব পড়েছে' — তোমার পাঠ্য অবলম্বনে বিষয়টি পরিস্ফুট করো। ১০

অথবা

(খ) রামায়ণ কাব্যের লঙ্কাকাণ্ডে বীররস ও ভক্তিরসের যে মিশ্রণ কৃত্তিবাস দেখিয়েছেন, তা আলোচনা করো। ১০

#### একক - ২

(গ) বিপ্রদাস পিপলাই-এর মনসামঙ্গল কাব্য অবলম্বনে, উক্ত সময়ের সমাজ ভাবনা বা সামাজিক অনুষঙ্গ কীভাবে তাঁর কাব্যের বিষয় হয়ে উঠেছে, তোমাদের পাঠ্য অবলম্বনে তা আলোচনা করো। ১০

অথবা

(ঘ) বেহুলা চরিত্র বিপ্রদাসের কবি-ভাবনার অপূর্ব পরিচয় বহন করেছে — আলোচনা করো। ১০

#### একক - ৩

(ঙ) 'মুকুন্দ চক্রবর্তী এবং দ্বিজমাধব একই কাহিনি অবলম্বনে তাঁদের কাব্যরচনা করলেও দ্বিজমাধবের কাহিনি গ্রন্থনে বিশেষ কিছু দুর্বলতা লক্ষ্য করা যায়' — তোমার পাঠ্য অংশ অবলম্বনে এই মন্তব্যের প্রেক্ষিতে তোমার মতামত ব্যক্ত করো। ১০

অথবা

(চ) ভাঁড়ু দত্ত চরিত্রটি সৃজনে দ্বিজমাধবের কৃতিত্ব নিরূপণ করো। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K.N.C Road, Barasat, Kol-124"



একক - ৪

(ছ) ভারতচন্দ্রের অন্নদামঙ্গল কাব্য রাজকণ্ঠের মণিমালার মতো — তোমাদের পাঠ্যাংশ অবলম্বনে আলোচনা করো। ১০

**অথবা**

(জ) অন্নদামঙ্গল কাব্যের ঈশ্বরী পাটনী চরিত্রটি বিশ্লেষণ করে চরিত্রটির সাহিত্যিক গুরুত্ব সম্পর্কে তোমার মতামত ব্যক্ত করো। ১০

**বিভাগ-খ**

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি অনধিক ১৫০ শব্দে) ৫×২ = ১০

(ক) "আনিতে ঔষধ যদি পার রাতারাতি।
চারিযুগে থাকিবেক তোমার সুখ্যাতি॥" ১+৩+১

— এখানে কার কথা বলা হয়েছে ? কোন্ ঔষধ আনবার কথা বলা হয়েছে, তার পরিচয় দাও। এখানে চারিযুগ বলতে কী বোঝানো হয়েছে ?

(খ) "আজি হৈতে ইন্দ্র তোর ছাড়ুক কমলা।
অক্ষয় সূত্র আর ছিঁড়ে জাপ্য মালা॥" ৫

— উদ্ধৃতাংশের প্রসঙ্গ নির্দেশ করো।

(গ) "মন্ত্রণা করিয়া তবে যথ পশুগণ
কংস নদীর তটে গিয়া দিল দরশন।" ৫

— মন্তব্যটির প্রসঙ্গ বিশ্লেষণ করো।

(ঘ) "হরি হর বিধি তিন আমার শরীর।
অভেদে যে জন ভজে সেই ভক্তবীর॥" ৫

— প্রসঙ্গ পূর্বক তাৎপর্য নির্ণয় করো।

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K.N.C. Road, Barasat, Kol-124"

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 5th Semester Examination, 2022-23

## BNGADSE02T-BENGALI (DSE1/2)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)

**একক - ১**

(ক) ‘মুচিরাম গুড়ের জীবনচরিত’ রচনায় মুচিরামের শৈশবের শিক্ষার্থী জীবনের পরিচয় দাও। ১০

**অথবা**

(খ) ‘মুচিরাম গুড়ের জীবনচরিত’ রচনাটিতে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সমাজবীক্ষণের যে পরিচয় মেলে তা নিজের ভাষায় লেখো। ১০

**একক - ২**

(গ) ‘প্রাচ্য ও পাশ্চাত্য’ গ্রন্থে ভারতবর্ষ ও পশ্চিমের দেশগুলির মধ্যে রীতিনীতির পার্থক্য এবং তার কারণ সম্পর্কে যে তুলনামূলক আলোচনা করেছেন, ‘রীতিনীতি’ প্রবন্ধ অবলম্বনে তার পরিচয় দাও। ১০

**অথবা**

(ঘ) ‘প্রাচ্য ও পাশ্চাত্য’ গ্রন্থে স্বামী বিবেকানন্দের রসিক মনের যে পরিচয় বিবৃত, তার বিবরণ দাও। ১০

**একক - ৩**

(ঙ) ‘‘কমেডির হাস্য ও ট্র্যাজেডির অশ্রুজল দুঃখের তারতম্যের উপর নির্ভর করে’’ — ‘কৌতুকহাস্য’ প্রবন্ধ অনুসরণে মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

**অথবা**

(চ) ‘পঞ্চভূত’ গ্রন্থটি কী জাতীয় রচনা তা পাঠ্য প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ১০

**একক - ৪**

(ছ) উত্তর তিরিশে পৌঁছে বুদ্ধদেব বসুর জীবনোপলব্ধির সারকথাটি ‘উত্তর তিরিশ’ প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ১০

**অথবা**

(জ) ‘‘রবীন্দ্রনাথের পরে বাংলা ভাষায় তিনিই প্রথম মৌলিক কবি।’’ — ‘রবীন্দ্রনাথ ও উত্তরসাধক’ প্রবন্ধে লেখক কাকে ‘প্রথম মৌলিক কবি’ বলেছেন ? এক্ষেত্রে প্রাবন্ধিকের বিশ্লেষণ প্রবন্ধ অনুসরণে পর্যালোচনা করো। ১+৯

BARASAT GOVT COLLEGE "10 K.N.C Road, Barasat, Kol-124" LIBRARY

BCS/B.A./H

২। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ

(ক) যাত্রাপালায় মুচিরাম গুড়ের অভিনয়-জীবন কেমন ছিল, তা সংক্ষেপে লেখো।

(খ) তাতার জাতি সম্পর্কে বিবেকানন্দের মূল্যায়ন কী, তা সংক্ষেপে লেখো।

(গ) "......সত্য বলিব। কিন্তু সে সত্য বানাইয়া বলিব।" — মন্তব্যটি ব্যাখ্যা করো।

(ঘ) 'আড্ডা' প্রবন্ধে আড্ডার যে-কোনো তিনটি বৈশিষ্ট্য প্রবন্ধ অনুসরণে আলোচনা করো।

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K N C Road, Barasat, Kol-124

লক্ষ্যং বিশ্বমানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 5th Semester Examination, 2021-22

## BNGACOR11T-BENGALI (CC11)

Time Allotted: 2 Hours — Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

### বিভাগ-ক

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের (অনধিক ৩০০ শব্দে) উত্তর দাওঃ — ১০×৪ = ৪০

**একক – ১**

(ক) "রাজসিংহ উপন্যাসের নায়ক, স্বয়ং রাজসিংহ।" – মন্তব্যটি কতদূর যথার্থ উপযুক্ত বিশ্লেষণসহ আলোচনা করো। ১০

**অথবা**

(খ) 'রাজসিংহ' উপন্যাসের গঠন-সৌকর্য বিশ্লেষণ করে উপন্যাসটির অনন্যসাধারণ বৈশিষ্ট্যসমূহ আলোচনা করো। ১০

**একক – ২**

(গ) 'পথের দাবী' উপন্যাসটির নামকরণের মধ্যেই ঔপন্যাসিকের স্বদেশ ভাবনার যে উদ্ভাস লক্ষ্য করা যায়, তার স্বরূপ বিশ্লেষণ করো। ১০

**অথবা**

(ঘ) 'স্বদেশের সেবা ও মুক্তির জন্য উৎসর্গীকৃত প্রাণ এক দেশপ্রেমিকের মধ্যে যে সততা, আত্মত্যাগ ও মহৎবৃত্তির প্রকাশ প্রত্যাশিত, সব্যসাচী চরিত্রটির মধ্যে তা সুন্দরভাবে প্রকাশিত হয়েছে।' – এই অভিমতটি বিচার করো। ১০

**একক – ৩**

(ঙ) 'গণদেবতা' উপন্যাসের শ্রীহরি ঘোষ (ছিরু পাল) চরিত্রটি বিশ্লেষণ করে তাকে প্রথাগত খলচরিত্র বলা সঙ্গত কিনা বুঝিয়ে দাও। ১০

**অথবা**

(চ) 'গণদেবতা' উপন্যাসে তারাশঙ্করের বাস্তবদৃষ্টি ও সমাজ পর্যবেক্ষণের যে গভীরতা লক্ষ্য করা যায় তা উদাহরণ সহযোগে বুঝিয়ে দাও। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY

**একক – ৪**

(ছ) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসের হোসেন মিয়া চরিত্রটি সবচেয়ে জটিল ও রহস্যময়। – মন্তব্যটি বিশ্লেষণ প্রসঙ্গে উপন্যাসে চরিত্রটির ভূমিকা কতদূর সার্থক ও সঙ্গত তা’ ব্যাখ্যা করো। ১০

**অথবা**

(জ) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসের ঘটনাপ্রবাহ ও চরিত্রসৃষ্টি পদ্মানদীর দ্বারা কতখানি প্রভাবিত হয়েছে তা আলোচনা করে দেখাও। ১০

**বিভাগ-খ**

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০ হবে) ৫×২= ১০

(ক) ‘‘আর একবার তাহাকে আমার দেখিতে ইচ্ছা আছে। একবার জিজ্ঞাসা করিবার ইচ্ছা আছে যে, জগতে ধর্ম্মাধর্ম্মে তাহার কিছু বিশ্বাস আছে কি না ?’’ – কে, কাকে, কোন্ প্রসঙ্গে একথা বলেছে ? বক্তার অভিপ্রায়টি ব্যক্ত করো। ১+১+১+২

(খ) ‘নারীকে দিয়াই যদি কোন সমিতি পরিচালনা করিতে হয়, এই ত সেই বটে’। – কার সম্পর্কে এই উক্তি ? বক্তা কে ? প্রসঙ্গ উল্লেখ করে বক্তার এরূপ সিদ্ধান্ত গ্রহণের কারণ ব্যাখ্যা করো। ১+১+১+২

(গ) ‘‘দেবনাথ বলিল – অন্যায়। অনিরুদ্ধ ও গিরিশের এ মহা অন্যায়।’’ – কোন্ অন্যায়ের কথা বলা হয়েছে ? প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ২+৩

(ঘ) ‘‘হ, কপিলা চলুক সঙ্গে।’’ – বক্তা কে ? বক্তার এরূপ মন্তব্যের কারণ নির্দেশ করো। ৫

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K.N.C Road, Barasat, Kol-124

লক্ষ্যং বিশ্বমানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 5th Semester Examination, 2021-22

## BNGACOR12T-BENGALI (CC12)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নেরমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

**৫নং প্রশ্ন আবশ্যিক এবং প্রতিটি একক থেকে *একটি* করে মোট *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ (অনধিক ৩০০ শব্দে)** ১০× ৪= ৪০

**একক -১**

১। ‘লিরিক কবিতা, আশ্চর্য স্বতঃস্ফূর্ত মূর্ছনা, নাটকীয়তা এবং গভীরতর ব্যঞ্জনায় ‘একরাত্রি’ একটি সার্থক প্রেমের ছোটগল্প’ — আলোচনা করো। ১০

**অথবা**

‘আমি তো সওদা করতে আসি না’ — উক্তিটি কার ? বক্তার চরিত্রে যে পিতৃসত্তার পরিচয় পাওয়া যায় গল্পটি অবলম্বনে তা স্পষ্ট করো। ১+৯= ১০

**একক-২**

২। সুবোধ ঘোষের ‘সুন্দরম্’ গল্পে লেখক মধ্যবিত্ত মনের যে পরিচয় দিয়েছেন তা আলোচনা করো। ১০

**অথবা**

“ ‘পরশুরামের কুঠার’ গল্পে ধনিয়া জীবন সংগ্রামের এক অপরাজেয় শক্তি” — আলোচনা করো। ১০

**একক -৩**

৩। ‘তাজমহল’ গল্পে সমাজ বাস্তবতার যে চিত্র ফুটে উঠেছে তার পরিচয় দাও। ১০

**অথবা**

‘আজ যদি কৃত্তিবাস, কাশীদাস থাকিতেন তাহা হইলে আমার বুদ্ধি, আমার বীরত্ব, আমার কীর্তির বিষয়ে তাঁহারা ছড়া বাঁধিতেন’ — উক্তিটি কার ? চরিত্রটি বিশ্লেষণ করো। ১+৯= ১০

**একক - ৪**

৪। ‘যশোদা পেশায় জননী, প্রফেশনাল মাদার’, ‘স্তনদায়িনী’ গল্প অবলম্বনে পেশাদার মা হিসেবে যশোদা চরিত্রটি মূল্যায়ন করো। ১০

**অথবা**

‘গণেশ’ গল্পে বিজ্ঞানের উদ্দেশ্যমূলক অপপ্রয়োগে লেখক জীবনের যে মর্মান্তিক পরিণতি রচনা করেছেন তার পরিচয় দাও। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY

৫। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি অনধিক ১৫০ শব্দে) ৫×২=১০

(ক) ‘টাকা যদি দাও তবেই অপমান। তোমার মেয়ের কি কোনো মর্যাদা নেই ?’ — বক্তা কে ? কোন্ প্রসঙ্গে উক্তিটি করেছিল ? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+২+২=৫

(খ) ‘জীবনের চোরা ঘরে ওরা পাপের সঙ্গে চুক্তি করে চলে’ — প্রসঙ্গ উল্লেখ করে বক্তার এই উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ২+৩=৫

(গ) ‘চিরকাল আমি কপালে পুরুষ’ — বক্তার এরূপ মনে হওয়ার কারণ কি ? বুঝিয়ে দাও। ৫

(ঘ) ‘দেহগত তুচ্ছ একটা পটুতা নয়, ভালোবাসা পাওয়াও না, শুধুমাত্র ভালোবাসতে পারাই যে যৌবন, এ বয়সে একথা বোঝা তোমার পক্ষে শক্ত হবে।’ — উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K.N.C Road, Barasat, Kol-124"

লক্ষ্যং বিশ্বমানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 5th Semester Examination, 2021-22

## BNGADSE01T-BENGALI (DSE1/2)

### মধ্যযুগের সাহিত্য পাঠ

Time Allotted: 2 Hours — Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

### বিভাগ-ক

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দ সংখ্যা অনধিক ৩০০ হবে) — ১০×৪ = ৪০

**একক - ১**

(ক) ‘কৃত্তিবাসী রামায়ণ মধ্যযুগীয় বাঙালীর ভক্তিবাদের কাব্য’ — তোমার পাঠ্য অবলম্বনে বিষয়টি পরিস্ফুট করো। — ১০

**অথবা**

(খ) কৃত্তিবাস ওঝার ‘শ্রীরাম পাঁচালী’ অবলম্বনে ‘সীতার অগ্নিপরীক্ষা’ বৃত্তান্ত আলোচনা করে কবিকৃতির পরিচয় দাও।

**একক – ২**

(গ) বিপ্রদাস পিপলাই-এর ‘মনসামঙ্গল’ কাব্যে পৌরাণিক ও লৌকিক উপাদান কীভাবে পরিস্ফুট হয়েছে — আলোচনা করো। — ১০

**অথবা**

(ঘ) চাঁদ সদাগর চরিত্র নির্মাণে বিপ্রদাস পিপলাই-এর স্বাতন্ত্র্যের পরিচয় দাও।

**একক - ৩**

(ঙ) দ্বিজমাধব রচিত ‘মঙ্গলচণ্ডীর গীত’ গ্রন্থে ব্যাধনারী ফুল্লরার বিশেষত্ব বর্ণনা করো। — ১০

**অথবা**

(চ) দ্বিজমাধবের কাব্যে সমাজ-বাস্তবতার যে ছবি ফুটে উঠেছে তার বিবরণ দাও।

**একক - ৪**

(ছ) রায়গুণাকর ভারতচন্দ্র রচিত ‘অন্নদামঙ্গল’ কাব্যের প্রথম খণ্ড অবলম্বনে হাস্যরস বিচার করো। — ১০

**অথবা**

(জ) মঙ্গলকাব্যের দেবদেবীদের চরিত্র সৃজনে দেবী অন্নদা এক ব্যতিক্রমী চরিত্র — আলোচনা করো।

BARASAT GOVT COLLEGE LIBRARY

## বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (অনধিক ১৫০ শব্দে) ৫×২ = ১০

(ক) ‘‘রহেন এরূপে পঞ্চবটী তিনজন।
হেনকালে ঘটে এক অপূর্ব্ব ঘটন।
রাবণের ভগ্নী সেই নাম সূর্পণখা।
অকস্মাৎ রামের সম্মুখে দিল দেখা।’’ ৫

— উদ্ধৃতাংশের প্রসঙ্গ বিশ্লেষণ করো।

(খ) ‘‘ইষ্টমিত্র যত দেখ সম্পদ সময়।
পড়িলে আপদ কাল কেহ কারো নয়।’’ ৫

— প্রসঙ্গপূর্বক তাৎপর্য নির্ণয় করো।

(গ) ‘‘দত্ত কুল অল্প জাতি তোমার জ্ঞেয়ান।
ভাড়ু থাকিতে চন্দন পায় অন্যজন।’’ ৫

— প্রসঙ্গ উল্লেখপূর্বক আলোচনা করো।

(ঘ) তোমার শরীর আমি মাথায় করিয়া।
দেখিয়াছি ফিরিয়াছি পৃথিবী ঘুরিয়া।
চক্র করি চক্রপাণি চক্রেতে কাটিয়া।
মোর মাথা হৈতে তোমা দিল ছাড়াইয়া। ৫

— উদ্ধৃতাংশটির প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো।

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K.N.C Road, Barasat, Kol-124

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Programme 5th Semester Examination, 2021-22

## BNGGDSE01T-BENGALI (DSE1A)

### বাংলা কল্পবিজ্ঞান ও গোয়েন্দা কাহিনি

Time Allotted: 2 Hours — Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ১০×৪ = ৪০

**একক - ১**

(ক) ‘শজারুর কাঁটা’ উপন্যাসটিতে দেবাশিস চরিত্রটির বিশেষত্ব আলোচনা করো। — ১০

**অথবা**

‘‘দারিদ্র্যের আবহাওয়ায় এই দুটো রিপু তাকে প্রকৃতিস্থ থাকতে দেয়নি।’’ — ‘শজারুর কাঁটা’ অবলম্বনে মানুষটির অপ্রকৃতিস্থ অবস্থার পরিচয় দাও। — ১০

**একক - ২**

(খ) ‘মঙ্গলগ্রহে ঘনাদা’ কী জাতীয় রচনা তা আলোচনা করে বুঝিয়ে দাও। — ১০

**অথবা**

‘মঙ্গলগ্রহে ঘনাদা’ উপন্যাসে মঙ্গলগ্রহের যে বর্ণনা ফুটে উঠেছে তা তোমার নিজের ভাষায় লেখো। — ১০

**একক - ৩**

(গ) ‘প্রফেসর শঙ্কু ও ম্যাকাও’ গল্প অবলম্বনে প্রফেসর শঙ্কুর গবেষণায় ঘনিয়ে আসা সঙ্কট ও সঙ্কট-উত্তরণের কাহিনিটি লেখো। — ১০

**অথবা**

‘প্রফেসর শঙ্কু ও গোলক রহস্য’ গল্পে গোলকের রহস্যের সমাধান কিভাবে হয়েছিল তা সংক্ষেপে আলোচনা করো। — ১০

**একক - ৪**

(ঘ) শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের ‘সিড়ি ভেঙে ভেঙে’ উপন্যাসটি বর্তমান জটিল জীবনের এক বিশ্বস্ত দলিল — আলোচনা করো। — ১০

**অথবা**

শিখা ও রীনা চরিত্রের তুলনামূলক আলোচনা করো। — ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×২=১০

(ক) ‘‘এক জাতের লোক আছে তারা শুধু চাঁদের কলঙ্কই দেখে, চাঁদ দেখতে পায় না।’’ — বক্তা কে ? কোন্ প্রসঙ্গে এই মন্তব্য ? মন্তব্যটির তাৎপর্য বুঝিয়ে দাও। ১+২+২=৫

(খ) ‘‘এত মাথা খাটিয়ে সাজানো এত কষ্টের আয়োজন এমনি করে পণ্ড হবে নাকি ?’’ — কোন্ আয়োজনের কথা বলা হয়েছে ? কীভাবে তা পণ্ড হওয়ার উপক্রম হয়েছিল ? ২+৩=৫

(গ) ‘‘এ পাখি ঘরে রাখলে ঘর আলো হয়ে যাবে।’’ — কোন্ পাখির কথা বলা হয়েছে ? সেটির আদি বাসস্থান কোথায় ? তাকে ঘরে রাখলে ঘর আলো হবে কেন ? ১+১+৩=৫

(ঘ) ‘‘হয়তো শক্তি পরীক্ষা করতে চাইছিল।’’ — কে, কীভাবে শক্তি পরীক্ষা করতে চাইছিল ? পরীক্ষার ফল কী হয়েছিল ? ৩+২=৫

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K.N.C Road, Barasat, Kol-124

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 5th Semester Examination, 2021-22

## BNGADSE02T-BENGALI (DSE1/2)

### বাংলা গদ্য ও প্রবন্ধ পাঠ

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

### বিভাগ-ক

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে) ১০×৪ = ৪০

**একক - ১**

(ক) ‘মুচিরাম গুড়ের জীবনচরিত’ কোন্ শ্রেণির রচনা বলে মনে করো ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ১০

**অথবা**

(খ) “গেজেট হইল, রাজা মুচিরাম রায় বাহাদুর। তোমরা সবাই আর একবার হরি বল।” — বঙ্কিমচন্দ্র কোন্ প্রেক্ষিত তথা তাৎপর্যে মুচিরাম গুড়ের সাফল্য সম্পর্কে এই মন্তব্য করেছেন তা বুঝিয়ে দাও। ১০

**একক - ২**

(গ) ‘প্রাচ্য ও পাশ্চাত্য’ গ্রন্থ অনুসরণে স্বামী বিবেকানন্দের বিশ্ববীক্ষা এবং ভারত অনুভবের স্বরূপ নির্দেশ করো। ১০

**অথবা**

(ঘ) আধুনিক পশ্চিমকে স্বামীজী ছুঁয়ে যাচ্ছেন ইতিহাসের ধারাতে। ‘প্রাচ্য ও পাশ্চাত্য’ গ্রন্থের ‘পারি ও ফ্রাঁস’ রচনাংশ অবলম্বনে মন্তব্যটির যথার্থতা নির্ণয় করো। ১০

**একক - ৩**

(ঙ) ‘পঞ্চভূত’-এর ‘মন’ রচনায় স্বাধীনবিহারী মন ভূতনাথবাবুর উপলব্ধিতে কীভাবে তাৎপর্যমণ্ডিত হয়ে উঠেছে — তার পরিচয় দাও। ১০

**অথবা**

(চ) “আজ জমিদারের পুণ্যাহ” — পুণ্যাহ কী ? ‘সৌন্দর্যের সম্বন্ধ’ প্রবন্ধটি অনুসরণে মানবজীবনে একদিনের উৎসবের সঙ্গে প্রতিদিনের দীনতা মোচনের সম্পর্ক নিরূপণ করো। ১০

**একক - ৪**

(ছ) “যে-মৌলিক উপাদানে রবীন্দ্রনাথ গঠিত সেটা কবিত্ব শক্তি, সেটাই তাঁর গদ্যরচনাকে সপ্রাণ ও সার্থক ক’রে তুলেছে।” — প্রাবন্ধিকের মন্তব্য কতদূর যথাযথ সে-বিষয়ে পাঠ্য প্রবন্ধে উল্লিখিত উদাহরণসহ তোমার অভিমত ব্যক্ত করো। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K.N.C Road, Barasat, Kol-124"

**অথবা**

(জ) ‘‘রাম অবতার হলেও মানুষ, নিতান্তই মানুষ। মনুষ্যত্বের মহত্তম আদর্শের প্রতিভূ তিনি, বিশেষ-কোনো একটি দেশের বা যুগের নয়, সর্বদেশের, সর্বকালের।’’ ‘রামায়ণ’ প্রবন্ধ অনুসারে রামচরিত্র মূল্যায়নে প্রাবন্ধিকের অভিমত বিশদে আলোচনা করো। ১০

**বিভাগ-খ**

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×২ = ১০

(ক) ‘‘হোম সাহেবের কিছুমাত্র দোষ নাই। দেশী, বিদেশী, সকল মনুষ্যই এইরূপ। সকলেই মিষ্ট কথার বশ।’’ — প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতাংশের তাৎপর্য বিশ্লেষণ করো। ২+৩

(খ) পাশ্চাত্যের শক্তিপূজা সম্পর্কে বিবেকানন্দ যে বর্ণনা দিয়েছেন দু-এক কথায় তার পরিচয় দাও। ৫

(গ) ‘‘কাব্যের একটা গুণ এই যে, কবির সৃজনশক্তি পাঠকের সৃজনশক্তি উদ্রেক করিয়া দেয়।’’ — কার বক্তব্য ? কোন্ কবিতার তাৎপর্য নির্ণয় প্রসঙ্গে এই মন্তব্যের অবতারণা ? উদ্ধৃতাংশটির ব্যঞ্জনা নির্দেশ করো। ১+১+৩

(ঘ) ‘‘জীবনের শ্রেষ্ঠ সময় যৌবন নয়, জীবনের মাঝামাঝি অবস্থাটাই সবচেয়ে ভালো।’’ — এই উক্তিটি কোন্ প্রবন্ধ থেকে নেওয়া ? এই অভিমতের সপক্ষে প্রাবন্ধিকের বক্তব্য সংক্ষেপে লেখো। ১+৪

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K N C Road, Barasat, Kol-124

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Programme 5th Semester Examination, 2021-22

## BNGGDSE02T-BENGALI (DSE1B)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

**প্রতিটি একক থেকে *একটি* করে প্রশ্ন নিয়ে মোট *চারটি* প্রশ্নের উত্তর দাও** ১০×৪ = ৪০

**একক - ১**

১। বীরাঙ্গনা কী জাতীয় কাব্য – পত্রকাব্য না নাটকীয় স্বগতোক্তি (Dramatic Monologue) তা আলোচনা করো। ১০

**অথবা**

“সোমের প্রতি তারা” পত্রিকায় তারা চরিত্রে রোমান্টিকতা ও কামনার যে ছবি ফুটে উঠেছে তার পরিচয় দাও। ১০

**একক - ২**

২। পরিচিত সাধারণ মানুষের সুখ-দুঃখ পুনশ্চ কাব্যের কবিতাকে কীভাবে বিশিষ্ট করে তুলেছে আলোচনা করো। ১০

**অথবা**

‘বাঁশি’ কবিতায় হরিপদ কেরানীর বহির্জীবন ও অন্তর্জীবনের যে ছবি ফুটে উঠেছে তার পরিচয় দাও। ১০

**একক - ৩**

৩। ‘ফরিয়াদ’ কবিতায় একদিকে নজরুলের জীবনদর্শন অন্যদিকে নিপীড়িত-নির্যাতিত মানুষের অভ্যুত্থান ঘোষিত হয়েছে – আলোচনা করো। ১০

**অথবা**

‘কাণ্ডারী হুঁশিয়ার’ কবিতা অবলম্বনে কবির দেশচেতনা ও অসাম্প্রদায়িক মনের পরিচয় তুলে ধরো। ১০

**একক - ৪**

৪। ‘রূপসী বাংলা’-র কবিতায় অতীতের সঙ্গে বারবার মিশে যায় বর্তমানের ছবি, যা আসলে আবহমানকালের সংকেত – পাঠ্য কবিতা অবলম্বনে মন্তব্যটি বিচার করো। ১০

**অথবা**

‘যখন মৃত্যুর ঘুমে শুয়ে রব . . .’ কবিতায় প্রকাশিত জীবনানন্দের মৃত্যুচেতনার স্বরূপ তুলে ধরো।

BARASAT GOVT COLLEGE LIBRARY

৫। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×২ = ১০

(ক) ‘পরম-অধর্ম্মাচারী রঘু-কুল-পতি’ – কোন্ পত্রিকা থেকে উদ্ধৃত হয়েছে ? কে বলেছেন ? রঘুকুলপতিকে অধর্ম্মাচারী বলা হয়েছে কেন ? ১+১+৩

(খ) ‘সে চলেছিল ট্রামে, তার ভাইকে / নিয়ে কলেজের রাস্তায়’ – কে চলেছে ? তার পাশে কে বসে ? উক্ত ব্যক্তিটির প্রতি কবি কী মনোভাব পোষণ করেছেন ? ১+১+৩

(গ) ‘আজকে আমার রুদ্ধ প্রাণের পল্বলে / বান ডেকে ঐ জাগল দুয়ার ভাঙা কল্লোলে’ – কোন্ কবিতার অংশ ? কবি হৃদয়ের উচ্ছ্বাস-আবেগের স্বরূপ তুলে ধরো। ১+৪

(ঘ) ‘এখানে আকাশ নীল – নীলাভ আকাশ জুড়ে সজিনার ফুল’ – কার রচিত ? উক্ত কবিতায় কোন কবি ও তাঁর কাব্যের উল্লেখ আছে ? এই কবিতায় উল্লিখিত চরিত্রগুলোর নাম লেখো। ১+১+১+২

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K.N.C Road, Barasat, Kol-124

লক্ষ্যং বিশ্বমানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 5th Semester Examination, 2021-22

## BNGADSE03T-BENGALI (DSE1/2)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

### বিভাগ - ক

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের (অনধিক ৩০০ শব্দে) উত্তর দাওঃ ১০×৪ = ৪০

**একক - ১**

(ক) ‘কবিতার কথা’-য় জীবনানন্দ কবিতার সৃষ্টিরহস্যকে কীভাবে ব্যাখ্যা করেছেন, তা পর্যালোচনা করো।

**অথবা**

‘উপলব্ধির গাঢ়তা ও সততাই কবিতার জীবন’ — জীবনানন্দের ‘কবিতা পাঠ’ অবলম্বনে মন্তব্যটির যাথার্থ্য বিচার করো।

**একক - ২**

(খ) ‘কবিতার ভাষা’ প্রবন্ধে ‘আধুনিক কবিতার ভাষা’ প্রসঙ্গে আবু সয়ীদ আইয়ুবের মতামতের গ্রহণযোগ্যতা বিচার করো। ১০

**অথবা**

আবু সয়ীদ আইয়ুবের ‘কাব্যের বিপ্লব ও বিপ্লবের কাব্য’ অবলম্বনে বাংলা কবিতার ধারায় যে নতুন আধুনিকতার জন্ম হয়েছিল, তার স্বরূপ বিশ্লেষণ করো। ১০

**একক - ৩**

(গ) ‘মিছিলের মুখ’ কবিতাটি অবলম্বনে সুভাষ মুখোপাধ্যায়ের কাব্যাদর্শের পরিচয় দাও। ১০

**অথবা**

‘জরাসন্ধ’ কবিতাটিতে পুরাণপ্রতিমার প্রয়োগে শক্তি চট্টোপাধ্যায়ের কবি প্রতিভার বিশিষ্টতা আলোচনা করো। ১০

**একক - ৪**

(ঘ) ‘মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে’ কবিতাটি কীভাবে সময় ও সমাজ সম্পর্কে শঙ্খ ঘোষের গভীর সচেতনতার একটি উজ্জ্বল নিদর্শন হয়ে উঠেছে, ব্যাখ্যা করো। ১০

**অথবা**

‘বেশ কিছুকাল হলো’ কবিতাটি অবলম্বনে বিনয় মজুমদারের প্রেম চেতনার বিশিষ্টতা বিশ্লেষণ করো। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY

## বিভাগ - খ

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি অনধিক ১৫০ শব্দ) ৫×২ = ১০

(ক) ‘সকলেই কবি নয়, কেউ কেউ কবি’ — তাৎপর্য লেখো। ৫

(খ) ‘প্রথম দ্রষ্টা, কবিদের রাজা, সত্য দেবতা’ — মন্তব্যটি কার সম্বন্ধে এবং কেন বলা হয়েছে ? ১+৪

(গ) ‘পেট জ্বলছে, খেত জ্বলছে ৫
হুজুর জেনে রাখুন
খাজনা এবার মাপ না হলে
জ্বলে উঠবে আগুন’

কবিতাটির পটভূমি নির্দেশ করে উদ্ধৃতাংশের ব্যাখ্যা দাও।

(ঘ) ‘হেতালের লাঠি যেন এ-কাল প্রহরে মনে রাখে ৫
চম্পক নগরে আজ কানীর চক্রান্ত চারিদিকে’
—এর নিহিতার্থ বুঝিয়ে দাও।

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K.N.C. Road, Barasat, Kol-124

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Programme 6th Semester Examination, 2022

## BNGGDSE03T-BENGALI (DSE2)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)

**একক-১**

(ক) ভ্রমণের অভিজ্ঞতা কী কৌশলে ভ্রমণসাহিত্যে রূপান্তরিত হয়ে ওঠে, তা ব্যাখ্যা করো। বাংলা ভাষায় রচিত একটি উল্লেখযোগ্য ভ্রমণসাহিত্যের পরিচয় দাও। ৫+৫

**অথবা**

(খ) একালে সাহিত্য সমালোচনার যে বিচিত্র পদ্ধতির উদ্ভব ঘটেছে তার মধ্যে যে-কোনো দুটি পদ্ধতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫+৫

**একক-২**

(গ) 'ব্রত কী ও ব্রত যে কেন তা এ দেশের ও অন্য দেশের দুটি ব্রত পাশাপাশি রাখলেই আমাদের কাছে পরিষ্কার হয়ে উঠবে।' — 'বাংলার ব্রত' অবলম্বনে অংশটির তাৎপর্য আলোচনা করো। ১০

**অথবা**

(ঘ) 'অন্যব্রত' কারা ? তাদের সম্বন্ধে আর্যদের মত 'দস্যু অকর্ম্য' কি যথার্থ বলে লেখক মনে করেন ? তাদের অবদানই বা কী ? ২+৪+৪

**একক-৩**

(ঙ) 'বাবা জমিদারি কাজ দেখতে ভালবাসতেন।' — 'পিতৃস্মৃতি' গ্রন্থে লেখক তার পিতার জমিদারি কাজের যে বিবরণ দিয়েছেন, তা নিজের ভাষায় লেখো। ১০

**অথবা**

(চ) জগদীশচন্দ্র বসু সম্পর্কে 'পিতৃস্মৃতি' গ্রন্থে লেখকের স্মৃতিচারণ সংক্ষেপে বিবৃত করো। ১০

**একক-৪**

(ছ) 'পুরুষের শ্রেষ্ঠত্ব' প্রবন্ধটি কার রচনা ? লেখকের কী মনোভাব এই প্রবন্ধে প্রকাশিত হয়ে উঠেছে, তা পর্যালোচনা করো। ১০

**অথবা**

(জ) 'স্বদেশসেবায় বঙ্গরমণী' প্রবন্ধে প্রকাশিত লেখকের বক্তব্য নিজের ভাষায় লেখো। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K N C Road, Barasat, Kol-124

২। যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ = ১০

(ক) যে-কোনো একটি সম্পর্কে সংক্ষেপে উত্তর দাওঃ ৫

ডায়েরি, ব্যক্তিগত প্রবন্ধ, রম্যরচনা

(খ) কুমারী ব্রতের গঠন সংক্ষেপে লেখো। ৫

**অথবা**

ভাদুলি ব্রত কী জন্য পালিত হয় ? এই ব্রতের অনুষ্ঠান প্রক্রিয়া কীরকম ? ২+৩

(গ) 'এক রাশ বই তার নিত্য সহচর' — লেখকের উল্লিখিত পাঁচটি বইয়ের নাম উল্লেখ করো। ৫

**অথবা**

কচ্ছপ কোথায়, কখন ডিম পাড়ত ? সেই ডিম খুঁজে বের করার পদ্ধতি লেখক কার কাছ থেকে শিখেছিলেন ? ৫

(ঘ) ''নারীজন্ম কি অধর্ম'' প্রবন্ধটির লেখক কে ? কোন্ পত্রিকায় এটি প্রথম প্রকাশিত হয়েছিল ? প্রথম প্রকাশের সময়কাল উল্লেখ করো। লেখকের জন্মসন ও মৃত্যুসন লেখো। ১+১+১+২

**অথবা**

'আর মূর্খ নারী নতমস্তকে ঐ বিধান মানিয়া লইল।' — কোন্ প্রবন্ধের অংশ ? লেখক কে ? কোন্ বিধানের কথা বলা হয়েছে ? ১+১+৩

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

লক্ষ্যং বিশ্বমানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 5th Semester Examination, 2020, held in 2021

## BNGACOR11T-BENGALI (CC11)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের (অনধিক ৩০০ শব্দে) উত্তর দাওঃ ১০×৪= ৪০

**একক - ১**

(ক) ‘এই প্রথম ঐতিহাসিক উপন্যাস লিখিলাম’– বঙ্কিমচন্দ্রের এই বক্তব্যের প্রেক্ষিতে ‘রাজসিংহ’-কে একটি সফল ঐতিহাসিক উপন্যাস বলা যায় কি-না আলোচনা করো। ১০

**অথবা**

